যুগান্তর

তারিখ ... 05 OCT 2016 ...
পৃষ্ঠা ...

ঢাকা কলেজে শিক্ষামন্ত্রী

# দিনের শুরুতে শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সঙ্গীত পরিবেশন বাধ্যতামূলক

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসহ সব ধারার শিক্ষাপ্রতিষ্ঠানে সরকারের নির্দেশনা অনুযায়ী জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে তাদের দৈনন্দিন শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে। মঙ্গলবার ঢাকা কলেজে দৈনন্দিন শিক্ষা কার্যক্রম শুরুর আগে জাতীয় সঙ্গীত পরিবেশন উপলক্ষে আয়োজিত সমাবেশে বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক, ইভটিজিংসহ সব অপশক্তি থেকে দূরে রাখতে শিক্ষার্থীদের নিজস্ব সংস্কৃতি, কৃষ্টি, ইতিহাস ও ঐতিহ্যের চেতনায় উজ্জীবিত করতে হবে। স্বাধীনতাবিরোধী শক্তি কখনও চায়নি আমাদের নতুন প্রজন্ম সঠিক ইতিহাস জানুক।